গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

**মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানের জন্য নির্বাচিত মনীষীদের তালিকা পুন:বিবেচনা এবং উক্ত অনুষ্ঠান আয়োজন সম্পর্কিত বাজেট পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কানিজ মওলা<br>সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২০ মে ২০২৬, সকাল ১০.৩০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং অনলাইন প্লাটফর্ম |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত এবং অনলাইনে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, গত ১৯ নভেম্বর ২০২৫ তারিখ সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং ১৮টি দপ্তর/সংস্থা কর্তৃক মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদনের নিমিত্ত অনুষ্ঠান আয়োজনের জন্য নিম্নবর্ণিতভাবে মোট ১৮২ (একশত বিরাশি) জন মনীষীর নাম সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়:

| ক্রমিক | দপ্তর/সংস্থার নাম | মনীষীর সংখ্যা |
|---|---|---|
| ১. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ৫ |
| ২. | গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা; | ২০ |
| ৩. | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা; | ১০ |
| ৪. | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি; | ২ |
| ৫. | জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা; | ৭ |
| ৬. | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা; | ১২ |
| ৭. | বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা; | ১ |
| ৮. | বাংলা একাডেমি, ঢাকা; | ৪৪ |
| ৯. | প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা; | ৯ |
| ১০. | কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার; | ১ |
| ১১. | রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী; | ১ |
| ১২. | মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার; | ২ |
| ১৩. | ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা; | ৩ |
| ১৪. | বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট; | ৫ |
| ১৫. | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান; | ২ |
| ১৬. | বাংলাদেশ জাতীয় জাদুঘর; | ১০ |
| ১৭. | বাংলাদেশ শিল্পকলা একাডেমি; | ৪৪ |
| ১৮. | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ | ২ |
| ১৯. | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | ২ |
| | মোট= | ১৮২ |

০২। অত:পর সভায় উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণপূর্বক স্ব স্ব মতামত প্রদান করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিগণ জানান মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য অধিকাংশ অনুষ্ঠান আয়োজন সম্পন্ন হয়েছে এবং কিছু অনুষ্ঠান আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক বলেন, গত ১৯ নভেম্বর ২০২৫ তারিখের সভায় শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান আয়োজনের জন্য ড.শরিফ হোসেনের নাম অন্তর্ভুক্ত করা হলেও ড.শরিফ হোসেন নামে কোনো ব্যক্তি প্রত্নতত্ত্ব বিষয়ে গবেষণায় অবদান রেখেছেন এমন তথ্য পাওয়া যায়নি। তাই তার স্থলে প্রফেসর ইমেরিটাস ড. একেএম ইয়াকুব আলী, রাজশাহী বিশ্ববিদ্যালয় কে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। ড. ইয়াকুব আলী একজন প্রথিতযশা শিক্ষাবিদ এবং প্রত্নতত্ত্বের মূল উপাদান শিলালিপি ও মুদ্রাতত্ত্বের উপর বিশারদ। যিনি শিলালিপি ও মুদ্রা এবং মুসলিম শিল্পকলার উপর অন্তত ১০টি গবেষণা গ্রন্থ রচনা করেছেন। তিনি দীর্ঘদিন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার পাশাপাশি বাংলাদেশের প্রথম প্রত্নতাত্ত্বিক জাদুঘর "বরেন্দ্র রিসার্চ

মিউজিয়াম", রাজশাহীর পরিচালকের দায়িত্ব পালন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | প্রত্যেক দপ্তর/সংস্থা কর্তৃক এ পর্যন্ত মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য আয়োজিত অনুষ্ঠানের বিস্তারিত প্রতিবেদন উপযুক্ত প্রমাণকসহ আগামী ৭ জুন ২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অবশিষ্ট অনুষ্ঠানসমূহ কবে আয়োজন করা হবে সে তথ্যও মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২. | শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে নির্বাচিত মনীষী অথবা তাঁর পরিবারের একজন সদস্যকে সম্মাননা হিসেবে ক্রেষ্ট/স্মারক প্রদান করতে হবে। | মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা |
| ৩. | মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান তাঁদের জন্মস্থানে আয়োজন করতে হবে। এছাড়া ঢাকার বাইরে অর্থাৎ জেলা/উপজেলা পর্যায়ে স্কুল/কলেজের শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৪. | মনীষীদের প্রতি শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠান আয়োজনের জন্য প্রত্নতত্ত্ব অধিদপ্তরের তালিকায় অন্তর্ভুক্ত ড. শরিফ হোসেন এর পরিবর্তে অধ্যাপক ড. এ. কে. এম ইয়াকুব আলী, লেখক ও ইতিহাসবিদ ইমিরেটাস অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশববিদ্যালয় এর নাম অন্তর্ভুক্ত করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও প্রত্নতত্ত্ব অধিদপ্তর |

০৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত ও অনলাইনে যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০৬/২০২৬
কানিজ মওলা
সচিব

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৩৩.২৫: ৪৯৪

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা/অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিস্টেম এনালিষ্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. নির্বাহী পরিচালক (গ্রেড-১), জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
৪. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
৫. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৬. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
১০. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১১. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১২. পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
১৩. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৪. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৫. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;

১৭. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৮. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ;
১৯. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, দিনাজপুর;
২০. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট;
২১. উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. অফিস কপি।

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd